

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৭.০৩০.০০.০০.০০১.২০১১-২৭৮


তারিখ : ২৭ ফাল্গুন ১৪২২
০৯ মার্চ ২০১৬

বিষয় : টাঙ্গাইল জেলার সদর উপজেলার ০৯নং কাকুয়া ইউনিয়নের সকল নির্বাচনী কার্যক্রম স্থগতি রাখা প্রসঙ্গে।

সূত্র : জনাব মো: বদিউজ্জামান ফারুক, চেয়ারম্যান, ০৯নং কাকুয়া ইউপি, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল এর আবেদন,
তারিখ : ০৭.০২.২০১৬খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ আবেদনের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যমুনা নদীর ভাঙ্গনে টাঙ্গাইল জেলার সদর উপজেলার ০৯নং কাকুয়া ইউনিয়নের ৮ এবং ৯নং ওয়ার্ড সম্পূর্ণভাবে বিলুপ্ত এবং ১, ২, ৩, ৫ এবং ৬নং ওয়ার্ড আংশিকভাবে বিলীন হওয়ায় সীমানা পুন: নির্ধারণের জন্য মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১১৪৮/২০১৬ দায়ের হয়েছে। আবেদনকারী জনাব মো: বদিউজ্জামান ফারুক মহামান্য আদালতে সীমানা নির্ধারণ সংক্রান্ত মামলা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত উক্ত ইউনিয়নের সকল নির্বাচনী কার্যক্রম স্থগিত রাখার জন্য অনুরোধ জানিয়েছেন। রীট পিটিশন নং-১১৪৮/২০১৬ এর সার্টিফাইড কপি পর্যালোচনায় দেখা যায়, টাঙ্গাইল সদর উপজেলার কাকুয়া ইউনিয়ন পরিষদের যে কোন নির্বাচন করার আগে নদী ভাঙ্গনে ক্ষতিগ্রস্ত ওয়ার্ড নং-৯ এর সীমানা নির্ধারণ কেন করা হবেনা এবং ভোটার তালিকা হালনাগাদ করা হবে না সে মর্মে কারন দর্শানো হয়েছে। এমতাবস্থায় জনাব মো: বদিউজ্জামান ফারুক, চেয়ারম্যান, ০৯নং কাকুয়া ইউপি, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল এর আবেদনসহ সংযুক্ত রীট পিটিশনের সার্টিফাইড কপি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : -----পাতা।


(শরীফা আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৮৬৬০৫

সচিব
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপি :

১. জেলা প্রশাসক, টাঙ্গাইল।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৩. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. জনাব মো: বদিউজ্জামান ফারুক, চেয়ারম্যান, ০৯নং কাকুয়া ইউপি, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।